দৈনিক
আমাদের সময়

তারিখ 25 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# সাঁথিয়ায় ৪০ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

আবু ইসহাক, সাঁথিয়া ●
পাবনার সাঁথিয়া উপজেলার প্রায় ৪০টি প্রাথমিক বিদ্যালয় চলছে প্রধান শিক্ষকবিহীন। এসব বিদ্যালয়ে এখন প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন সহকারী শিক্ষকরা। আর এতে করে বিদ্যালয়ে শিক্ষাসহ বিভিন্ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। এসব বিদ্যালয়ের শিক্ষার মান দিন দিন অবনতি হচ্ছে।

সাঁথিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, সাঁথিয়া উপজেলায় ১৭৫ সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে আমোষ, গোপিনাথপুর, সোনাতলা, বলরামপুর. মানপুর, চৌবারিয়া, শ্রীধরকোড়া, বহলবাড়িয়া, গৌরগ্রাম দক্ষিণ, গৌরিগ্রাম উম্মে কুলসুন, জোরগাছা, সৈয়দপুর, সাগরদারিয়া, পূর্ব ভবানীপুর, চরকাবারি খোলা, ছোট পাতালেহাট, বড়পাতালেহাট, চিনানাড়ী, হাড়িয়া, হাসানপুর, পুণ্ডরিয়া, বায়া, এন মনোহরগাতী. দয়রামপুর, রাউতি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ উপজেলার প্রায় ৪০টি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এসব বিদ্যালয়ে প্রধান শিক্ষকের কার্যক্রম পরিচালনা করেন সহকারী শিক্ষকরা। এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আমির হোসেন বলেন, অনেক দিন ধরেই প্রধান শিক্ষক নিয়োগ না হওয়া এবং সহকারী শিক্ষকের পদোন্নতি না হওয়ায় এ সমস্যা দেখা দিয়েছে।